

মেহেরপুর জেলার সমবায়ের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির বর্তমান অবস্থা:



ভূমিকা: সমবায় সমিতির ইতিহাস প্রায় মানবসভ্যতার ইতিহাসের ন্যায় প্রাচীন। বর্তমানের সমবায় সমিতির সাংগঠনিক রূপ প্রতিষ্ঠিত হয় ইউরোপের শিল্পবিপ্লবের কিছু পূর্বেই। ১৭৬১ সালে সর্বপ্রথম ফেনউইক উইভারস সোসাইটি গঠন করা হয় স্থানীয় তাঁতীদের ঋণসুবিধা, শিক্ষা ও অভিবাসন সুবিধা দেবার জন্য। পরবর্তীতে শুধু ইংল্যান্ডেই এক হাজারের অধিক সমবায় প্রতিষ্ঠান কর্মকাণ্ডের পথচলা শুরু করে।

বাংলাদেশের ২০০১ সালে প্রণীত সমবায় আইন ২০০১ (সংশোধিত-২০০২ ও সংশোধিত-২০১৩)-এর ১৪ ধারা অনুযায়ী সমবায় সমিতিগুলো স্বতন্ত্র আইনগত ভিত্তি রয়েছে এবং এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা (Body Corporate)। এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩-এর (খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার দ্বিতীয় খাত হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।

সমবায় একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান যেটি কমপক্ষে ২০ জন সদস্য তাদের সম্মিলিত কল্যাণের জন্য পরিচালনা করেন। আন্তর্জাতিক সমবায় মৈত্রী (International Co-operative Alliance) তাদের সমবায় পরিচিতি নির্দেশিকাতে সমবায়ের সংজ্ঞা দিয়েছে এই ভাবে যে, সমবায় হল সমমনা মানুষের স্বেচ্ছাসেবামূলক একটি স্বশাসিত সংগঠন যা নিজেদের আর্থ সামাজিক উন্নয়নের জন্য কাজ করে এবং এ লক্ষ্যে অংশীদারত্ব ভিত্তিতে গণতান্ত্রিকভাবে নিয়ন্ত্রিত ব্যবসা পরিচালনা করে। একটি সমবায় প্রতিষ্ঠান এমনও হতে পারে যেখানে ব্যবসাটি এর সুবিধাভোগী সকলে সমভাবে নিয়ন্ত্রণ করে অথবা তারাই এই প্রতিষ্ঠানে কাজ করে। সমবায় ভিত্তিক ব্যবসা নিয়ে শিক্ষার যে ধারায় পড়ানো হয় তা 'সমবায় অর্থনীতি' নামে পরিচিত। **কর্মসংস্থান** হচ্ছে সাধারণত "পরিশ্রম বা কাজের বিনিময়ে টাকা" এমন চুক্তির উপর ভিত্তি করে দুটি পক্ষের মধ্যে একটি সম্পর্ক, যেখানে একটি পক্ষ হচ্ছে মুনাফার জন্য একটি ব্যবসা প্রতিষ্ঠান, অলাভজনক সংগঠন, সমবায় সমিতি বা অন্যান্য সত্তা যারা নিয়োগকর্তা হিসেবে পরিচিত এবং অন্য পক্ষকে বলা হয় কর্মচারী।

মেহেরপুর জেলায় ৩৯ টি সমবায় সমিতিতে পুরুষ ১৩০ জন এবং মহিলা ১৯ জন মোট ১৪৯ জনের সমবায়ের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। সমিতির সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সমবায়ের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিতে সমবায় বিভাগ বিশেষ ভূমিকা রাখছে।

মেহেরপুর জেলার সমবায়ের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির চিত্র:

ক্র. নং	উপজেলার নাম	সমিতির নাম	কর্মসংস্থান সৃষ্টি		মন্তব্য
			পুরুষ	মহিলা	
১	মেহেরপুর সদর	মেহেরপুর সমবায় ব্যাংক লি:	০১ জন	--	
২	"	মেহেরপুর সদর থানা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লি:	০২ জন	০২ জন	
৩	"	মেহেরপুর থানা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লি:	০৭ জন	০৬ জন	
৪	"	ফেমাস সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০২ জন	--	
৫	"	মেহেরপুর সদর শিক্ষক কর্মচারী ক্রেডিট ইউনিয়ন লি:	০২ জন	--	
৬	"	হাসনাবাদ মৎস্যজীবি সমবায় সমিতি লি:	১১ জন	--	
৭	"	কাটাখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি:	০১ জন	--	
৮	"	দরবেশপুর মৎস্যজীবি সমবায় সমিতি লি:	০৪ জন	--	
৯	"	তেরঘরিয়া ঈদগাহ পাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লি:	০৭ জন	--	
১০	"	হরিরামপুর বিলপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লি:	০৫ জন	--	
১১	"	রঘুনাথপুর মৎস্যজীবি সমবায় সমিতি লি:	০৪ জন	--	
১২	"	সোনার বাংলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০২ জন	--	
১৩	"	উদ্যোগ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:	০৬ জন	--	
১৪	"	ইষ্টার্ন মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:	০১ জন	--	
১৫	গাংনী	গাংনী থানা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লি:	০৫ জন	-	
১৬	"	গাংনী থানা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লি:	১২ জন	--	
১৭	"	মুন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০১ জন	-	
১৮	"	জিনিয়াস সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০১ জন	--	
১৯	"	গাঁড়াডোব শ্রমিক উন্নয়ন সমবায় সমিতি লি:	০১ জন	--	
২০	"	চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০১ জন	--	
২১	"	নাগদার খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি:	০১ জন	--	
২২	"	তবুছায়া সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০২ জন	--	
২৩	"	মুন্দাইল খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি:	০১ জন	--	
২৪	"	পুরাতন মঠমুড়া মৎস্যজীবি সমবায় সমিতি লি:	০২ জন	--	
২৫	"	প্রতিবেশী সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি:	--	০২ জন	
২৬	"	গাংনী শিক্ষক কর্মচারী ক্রেডিট ইউনিয়ন লি:	০৩ জন	--	
২৭	"	চৌগাছা স্থিষ্টান ক্রেডিট ইউনিয়ন লি:	০১ জন	--	
২৮	"	নওপাড়া ভাটপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লি:	০১ জন	--	
২৯	"	রুপালী মৎস্যজীবি সমবায় সমিতি লি:	০১ জন	--	
৩০	"	বিশ্বাস সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	--	০১ জন	
৩১	"	রুপায়ন বহুমুখী সমবায় সমিতি লি:	১৫ জন	০৭ জন	
৩২	"	গাড়াডোব কৃষি উন্নয়ন সমবায় সমিতি লি:	০১ জন	--	
৩৩	"	ডিজিটাল বহুমুখী সমবায় সমিতি লি:	০১ জন	--	
৩৪	মুজিবনগর	মুজিবনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি:	০৩ জন	০১ জন	
৩৫	"	সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি লি:	০১ জন	--	
৩৬	"	গোপালনগর কো-অপাঃ ক্রেডিট ইউনিয়ন লি:	১২ জন	-	
৩৭	"	রুপালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০৪ জন	-	
৩৮	"	গোপালনগর প্রান্তিক ব্যবসায়ী সমবায় সমিতি লি:	০১ জন	---	
৩৯	"	মোনাখালী অনির্বান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:	০৪ জন		
	মোট =		১৩০ জন	১৯ জন	

